



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd



ঢাকা

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.১৯৮৫

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৯
১২ ডিসেম্বর ২০২২

অফিস আদেশ

পাইকগাছা সরকারি কলেজ, পাইকগাছা, খুলনা কলেজ'টি ০৮-০৮-২০১৮ তারিখ হতে সরকারিকরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১২-০৯-২০২২ তারিখের ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০২৫.২০.১০০২(এ) সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক কলেজে বেসরকারি আমলে কর্মরত শিক্ষকগণ-কে 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা'২০১৮ এর বিধি-০৫ এবং বিধি-০৬-এ বর্ণিত বিধান অনুযায়ী কলেজ সরকারি তারিখ ০৮ আগস্ট ২০১৮ হতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করেন এবং সে নির্দেশনা মোতাবেক শিক্ষকগণ নিয়োগকৃত পদে যোগদান প্রক্রিয়া সম্পন্ন করেন। কলেজে অধ্যক্ষ না থাকায় নিয়োগকৃত উপাধ্যক্ষ জনাব মিহির বরণ মন্ডল কলেজের প্রশাসনিক কার্যাদি পরিচালনার লক্ষ্যে আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজে এডহক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হওয়ায় উপাধ্যক্ষ জনাব মিহির বরণ মন্ডল-কে শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বসহ তাঁর নিজের এবং অন্যান্য শিক্ষক-কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তা হিসেবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে অধ্যক্ষ যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ২। কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- ৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১২-১২-২০২২

মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.১৯৮৫/১

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৯
১২ ডিসেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, খুলনা;
- ৪) জেলা প্রশাসন -----;
- ৫) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৬) উপজেলা নির্বাহী অফিসার-----;
- ৭) জনাব মিহির বরণ মন্ডল, পাইকগাছা সরকারি কলেজ, পাইকগাছা, খুলনা;
- ৮) সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার -----;
- ৯) সংরক্ষণ নথি।



১২-১২-২০২২

মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক